কালের কণ্ঠ

তারিখ ... 12 MAY 2016 ...
পৃষ্ঠা ...৬... কলাম ...২...

## প্রধানমন্ত্রীর প্রশ্ন

# ছেলেমেয়েরা ফেল করবে কেন

**কালের কণ্ঠ ডেস্ক** ▷

এসএসসি ও সমমানের পরীক্ষার ফলাফলের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করে অকৃতকার্য শিক্ষার্থীদের আরো মনোযোগী হওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'আমাদের ছেলেমেয়েরা অনেক মেধাবী। তাদের ফেল করার কোনো সুযোগ নেই। পাসের হার বৃদ্ধি পেয়েছে। কিন্তু আমি মনে করি, ছেলেমেয়েরা ফেল করবে কেন?'

গতকাল বুধবার সকালে গণভবনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে এবারের ফলাফলের অনুলিপি প্রধানমন্ত্রীর হাতে তুলে দেওয়ার পর সেখানে অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

শেখ হাসিনা বলেন, 'পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে সবাইকে আমি আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। এবারের ফলাফল অনেক ভালো, যারা এবার উত্তীর্ণ হতে পারেনি ভবিষ্যতে তারা আরো মনোযোগী হবে। আর ভবিষ্যতে যারা পরীক্ষা দেওয়ার প্রস্তুতি নিচ্ছে তাদেরকে আমি বলব, আরো মনোযোগ দিয়ে পড়ালেখা করতে হবে। যেন কেউ ফেল না করে। এখানে ফেল করার তো কোনো অর্থ হয় না।'

শিক্ষাক্ষেত্রে তাঁর সরকারের বিভিন্ন পদক্ষেপের তথ্য তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, 'আমরা সরকার গঠনের পর ছেলেমেয়েদের পড়াশোনার পরিবেশ তৈরি করা, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোকে উন্নত করার ব্যবস্থা নিচ্ছি—সেই সঙ্গে পিতামাতার বোঝাও আমরা কমিয়ে দিচ্ছি। কারণ আমাদের সরকার বিনা পয়সায় বই দিচ্ছে। এখন আমরা প্রি-প্রাইমারি থেকে মাধ্যমিক পর্যন্ত বিনা মূল্যে বই দিচ্ছি।'

প্রকৃত শিক্ষা ছাড়া কোনো জাতিই উন্নত হতে পারে না—এ কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এ জন্যই সরকার সাধারণ শিক্ষার সঙ্গে কারিগরি শিক্ষারও বন্দোবস্ত করেছে। প্রধানমন্ত্রী বলেন, 'বর্তমান বিশ্বে চাহিদার কথা বিবেচনা করেই সরকার কারিগরি ও প্রযুক্তিগত শিক্ষার ওপর অধিক গুরুত্বারোপ করেছে। যাতে করে আমাদের ভবিষ্যৎ প্রজন্ম বর্তমান প্রযুক্তির উৎকর্ষের যুগের সঙ্গে তাল মেলাতে পারে।' এ কারণে শিক্ষকদের জন্যও আধুনিক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান।

প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেন, আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তিগত শিক্ষায় শিক্ষিত হয়ে আগামী প্রজন্ম নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে দেশকে এগিয়ে নেবে। তিনি বলেন, ভবিষ্যতে বাংলাদেশ আর কারো কাছে হাত পাতবে না। বাংলাদেশ তার জনশক্তি এবং নিজস্ব সম্পদকে কাজে লাগিয়ে নিজের পায়ে বিশ্বে মাথা উঁচু করে দাঁড়াবে।

এ সময় প্রধানমন্ত্রী গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঝালকাঠি এবং পঞ্চগড় জেলার জেলা পরিষদ কার্যালয়ে উপস্থিত শিক্ষার্থী, শিক্ষক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন।

**ফিলিস্তিনের চার্জ দ্য অ্যাফেয়ার্সের সাক্ষাৎ** : ফিলিস্তিনের চার্জ দ্য অ্যাফেয়ার্স ইউসেফ এস ওয়াই রমাদান গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর সরকারি বাসভবন গণভবনে সৌজন্য সাক্ষাৎ করেছেন। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের এ তথ্য জানান।

প্রেস সচিব বলেন, বৈঠকে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছেন। প্রধানমন্ত্রী ফিলিস্তিনের ভ্রাতৃপ্রতিম জনগণের প্রতি বাংলাদেশের সমর্থন পুনর্ব্যক্ত করেন। দুই দেশের মধ্যে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ প্রসঙ্গে আলাপকালে রমাদান বাংলাদেশে ফিলিস্তিনের পণ্যের শুল্কমুক্ত সুবিধা প্রদানের অনুরোধ জানান। তাঁরা মধ্যপ্রাচ্যে 'বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী'র আরবি সংস্করণ প্রকাশের বিষয় নিয়েও আলোচনা করেন।

**প্রধানমন্ত্রীর চার দেশ সফরের প্রস্তুতি** : আগামী এক মাসের মধ্যেই যুক্তরাজ্য, বুলগেরিয়া, জাপান ও সৌদি আরব সফরের প্রস্তুতি চলছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার। সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, বৈশ্বিক নারী নেত্রীদের ফোরামে যোগ দিতে তিনি আগামী ১৮ থেকে ২০ মে বুলগেরিয়ার রাজধানী সোফিয়া সফর করবেন। ওই সফরে যাওয়ার পথে ১৫ থেকে ১৭ মে যুক্তরাজ্যের লন্ডনে যাত্রা বিরতি করবেন।